(চ) "সাহিত্য পাঠশিক্ষার জন্য নয়—উপভোগ বা আনন্দের জন্য।" উক্তিটির নিরিখে সাহিত্যতাত্ত্বিক লঞ্জাইনাস-এর অভিমত ব্যক্ত করো।

(ছ) ড্রাইডেন-এর সাহিত্য সমালোচনাতত্ত্ব সম্পর্কে যথাযথ আলোচনা করো।

(জ) বেনেদেত্তো ক্রোচ-এর শিল্পতত্ত্বের আলোচনা করো।

***





# 2025

## BENGALI

## ( Honours Core )

Paper : BEN–HC–6026

**( পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সমালোচনা )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

***The figures in the margin indicate full marks for the questions***

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কাব্যনির্মাণকলা-বিষয়ক অ্যারিস্টটল-এর বিখ্যাত গ্রন্থটির নাম কী?

(খ) "A great poet is both classical and Romantic." বক্তা কে?

(গ) 'সুররিয়ালিজম্'-এর মুখপাত্র কে ছিলেন?

(ঘ) 'লিরিক্যাল ব্যালাডস' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?

(ঙ) চিত্রকলায় বাস্তববাদের শ্রেষ্ঠ প্রতিনিধি কে?

(চ) প্লেটোর গুরু কে ছিলেন?

(ছ) লঞ্জাইনাস রচিত সমালোচনা গ্রন্থটির নাম উল্লেখ করো।

(জ) ঐতিহাসিক সমালোচকের দৃষ্টি কোন্ বিষয়ের উপর নিবদ্ধ থাকে?

(ঝ) *Phaedrus* গ্রন্থটি কার লেখা?

(ঞ) শুদ্ধ উত্তরটি লেখো :
ক্রোচ-এর শিল্পতত্ত্বের ভিত্তি ছিল মার্ক্সবাদ/ভাববাদ।

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ক্লাসিক্যাল রীতির দুজন সমালোচকের নাম লেখো।

(খ) রোমান্টিক সাহিত্যের ভাববস্তুর যে কোনো দুটি স্বরূপ উল্লেখ করো।

(গ) পরাবাস্তবতার দুটি লক্ষণ উল্লেখ করো।

(ঘ) প্লেটো রচিত দুটি সমালোচনা গ্রন্থের নাম লেখো।

(ঙ) 'ফলস্টাফ' ও 'শকার' চরিত্রদ্বয়ের স্রষ্টাদের নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'ধ্রুপদী' (classical) সাহিত্যের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) রোমান্টিসিজম্-এ প্রকৃতি ও নিসর্গপ্রীতির গুরুত্ব নির্ণয় করো।





(গ) পরাবাস্তববাদ (Surrealism)-এ ফ্রয়েড-এর স্বপ্নতত্ত্বের ভূমিকা আলোচনা করো।

(ঘ) "অবশ্য তুলনার জন্য উভয়ের মধ্যে সামান্য ধর্মের ঐক্য চাই, বিশেষ ধর্মের নাই বা মিল হল।" তুলনামূলক সমালোচনার ক্ষেত্রে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) কাব্যসাহিত্যে কল্পনার ভূমিকা সম্পর্কে প্লেটোর মতামত সংক্ষেপে আলোচনা করো।

(চ) টীকা লেখো : দান্তে।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) "'ক্ল্যাসিক্যাল' বা ধ্রুপদী সাহিত্যের মেজাজে থাকে বলিষ্ঠতার ছাপ, ভাষায় থাকে মহিমময় গাম্ভীর্য।" উদ্ধৃতির আলোকে ধ্রুপদী সাহিত্য সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো।

(খ) রোমান্টিসিজম্-এর বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো।

(গ) বাস্তববাদ (Realism)-এর স্বরূপ ব্যাখ্যা করো এবং পাশ্চাত্য সাহিত্যে বাস্তববাদের উদ্ভব ও বিকাশের কারণসমূহ আলোচনা করো।

(ঘ) পরাবাস্তবতার সংজ্ঞা উল্লেখ করে জীবনানন্দ দাশের 'ঘোড়া' কবিতায় প্রতিফলিত পরাবাস্তবতার ভাবনা ও শৈলী সম্পর্কে আলোচনা করো।

(ঙ) সাহিত্য সমালোচনার ক্ষেত্রে 'ঐতিহাসিক সমালোচনা' পদ্ধতি সম্পর্কে আলোচনা করো।